# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(বিচার শাখা)

www.supremecourt.gov.bd

সার্কুলার নং-০৩ জে,

তারিখঃ ১২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ।
২৭ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০-এর ৩১ক ধারার বিধান আবশ্যিকভাবে প্রতিপালন প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০-এর ৩১ক ধারার বিধান অনুযায়ী কোনো মামলা উক্ত আইনের ২০ এর উপধারা (৩) এ উল্লিখিত ১৮০ দিনের মধ্যে নিষ্পত্তি না হওয়ার ক্ষেত্রে ট্রাইব্যুনাল-কে উহার কারণ লিপিবদ্ধ করে একটি প্রতিবেদন ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টের নিকট দাখিল করার এবং তার একটি অনুলিপি সরকারের নিকট প্রেরণ করার সুনির্দিষ্ট বিধান রয়েছে। তাছাড়া উল্লিখিত ক্ষেত্রে পাবলিক প্রসিকিউটর ও সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তাকে উহার কারণ লিপিবদ্ধ করে একটি প্রতিবেদন ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট দাখিল করার এবং তার একটি অনুলিপি বাংলাদেশ সুপ্রীম কোর্ট-এ প্রেরণ করারও বিধান সন্নিবেশিত আছে।

**২। উল্লিখিত ধারার বিধান যথাযথভাবে প্রতিপালন না হওয়ায় উহা আবশ্যিকভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করে অত্র কোর্ট কর্তৃক গত ২৭.১১.২০১৬ খ্রি. তারিখ সার্কুলার নং-১০ জারী করা হয়।**

৩। অত্র কোর্টের গোচরীভূত হয়েছে যে, নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০-এর ৩১ক ধারা আবশ্যিকভাবে প্রতিপালন করার জন্য অত্র কোর্ট কর্তৃক উল্লিখিত সার্কুলার জারী করা হলেও সংশ্লিষ্ট নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল থেকে আইনে নির্ধারিত সময়ের মধ্যে মামলা নিষ্পত্তি না হওয়ার কারণ লিপিবদ্ধ করতঃ প্রতিবেদন নিয়মিতভাবে অত্র কোর্টে প্রেরণ করা হচ্ছে না। এছাড়া উক্ত বিষয়ে পাবলিক প্রসিকিউটর ও সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তাগণও উহার কারণ লিপিবদ্ধ করে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট প্রতিবেদন দাখিলপূর্বক তার অনুলিপি অত্র কোর্টে নিয়মিতভাবে প্রেরণ করছেন না।

৪। এমতাবস্থায়, নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০-এর ৩১ক ধারার বিধান আবশ্যিকভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় নির্দেশ প্রদান করা হলো এবং উল্লিখিত প্রতিবেদনের মূল কপি (হার্ড কপি) অত্র কোর্টে প্রেরণের পাশাপাশি রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট-এর ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd ঠিকানায় প্রেরণ করার জন্য বলা হলো।

স্বাঃ/-

(মোঃ আলী আকবর)
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোনঃ ৯৫৬১৯৫২
ই-মেইলঃ rg@supremecourt.gov.bd

স্মারক নং-১জে-০৫/২০১৫ (অংশ-১)-৬৭৪৩ (১২) জে, তারিখঃ ২৭.১২.২০২০ খ্রি.।

**কার্যার্থে ও জ্ঞাতার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ**

১। অ্যাটর্নি-জেনারেল ফর বাংলাদেশ, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়, ঢাকা।
২। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ফুলবাড়িয়া, ঢাকা। [সকল পুলিশ সুপারদের এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ]
৪। সলিসিটর, সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জেলা ও দায়রা জজ, ------------------------------------------------------------(সকল)।
৬। মহানগর দায়রা জজ, ---------------------------------------------------------(সকল)।
৭। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, --------------------------- (সকল)।
৮। ডেপুটি রেজিস্ট্রার, রিসার্চ ইউনিট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৯। মাননীয় প্রধান বিচারপতির সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

F./Sanjaydutt/Misc file/letter

১০। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
১১। পাবলিক প্রসিকিউটর (পিপি), জেলা ও দায়রা জজ.......................................................... (সকল)।
১২। পাবলিক প্রসিকিউটর (পিপি), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,.................................. (সকল)।
১৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। অফিস কপি।

29/12/2020

(মোঃ মিজানুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারঃ)
ফোনঃ ৯৫৬১৯৩২ (অফিস)।